গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(সাধারণ শাখা)
www.natore.gov.bd

নম্বর : ০৫.৪৩.৬৯০০.০০৬.৩২.০০১.২০.১৭১১

তারিখ : ২৯ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ / ১৪ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

## নোটিশ

আগামী ১৯ ডিসেম্বর,২০২১ খ্রি: তারিখ দুপুর ১২.৩০ টায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর মহোদয়ের সভাপতিত্বে মাঠ পর্যায়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সংযোজনী ৭ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত হবে। অংশগ্রহণকারীগণ স্ব স্ব কার্যালয় থেকে জুম সফটওয়্যারের মাধ্যমে সভায় সংযুক্ত হবেন।

উক্ত সভায় যথাসময়ে অংশ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| | |
|---|---|
| **Meeting ID** | 871 7774 6812 |
| **Passcode** | 1912 |

১৪/১২/২১
(খালিদ হাসান)
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
টেলিফোন:+৮৮ ০৭৭১ ৬২২৮৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:
১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর
২। নেজারত ডেপুটি কালেক্টর, নাটোর
৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
৪। ..........................................................................................

Scanned with CamScanner

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ নাদিম সারওয়ার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর
তারিখ: ১৯/১২/২০২১ খ্রি:
সময়: দুপুর ১২:৩০ টা
স্থান: অনলাইন প্লাটফর্ম (জুম) ।
উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভাপতি কর্তৃক সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হল নাগরিক এবং সেবাদাতার মধ্যকার একটি চুক্তি যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। এই সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর সংযোজনী ৭ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি উল্লিখিত কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয় এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে জনগণ যাতে সহজে জানতে পারে সে বিষয়ে সভায় আলোচনা হয়। এ কার্যালয়ের ওয়েব পোর্টাল পরীবিক্ষণ করে দেখা যায় যে, সিটিজেন চার্টার ওয়েব পোর্টালের সাব মেন্যুর মধ্যে রাখা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি নামে আলাদা সেবা বক্স তৈরি করা গেলে জনগণ সহজেই সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে জানতে পারবে। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি নামে আলাদা সেবা বক্স তৈরি করতে হবে।<br><br>২। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ রাখতে হবে। | সহকারী কমিশনার, আইসিটি শাখা এবং প্রোগ্রামার, নাটোর |
| ০২ | এ কার্যালয়ের প্রতিটি শাখায় যে সেবা প্রদান প্রতিশ্রুতি রয়েছে সে সম্পর্কে শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা যাতে সর্বদা সচেতন থাকেন সে বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় আলোচনা হয়, অনেক সময় দেখা যায় সেবা প্রদান পদ্ধতি অনেক সময় পরিবর্তন হলেও সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেটি পরীলক্ষিত হয়না। প্রতিটি শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান স্থানে হালনাগাদ অবস্থায় রাখার বিষয়ে আলোচনা হয়। | ১। শাখা ভিত্তিক সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত করে সংশ্লিষ্ট শাখায় দৃশ্যমাণ করতে হবে।<br>২। নতুন সেবা এবং সেবা প্রদান পদ্ধতি পরিবর্তিত হলে সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেটি অনর্ভুক্তিকরণ করতে হবে। | সহকারী কমিশনার (সকল), নাটোর |
| ০৩ | সভায় সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি করার জন্য সকলকে সচেষ্ট থাকার বিষয়ে আলোচনা হয়। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে নির্দিষ্ট সেবা প্রদানে সকলকে সচেষ্ট হতে হবে। | সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর |
| ০৪ | এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনায় দেখা যায় যে, সেবা প্রদানকালে কর্মকর্তা-কর্মচারীগণের প্রতিশ্রুতিতে উল্লেখিত সময়ের বিষয়টি স্মরণে না থাকায় নির্ধারিত সময়ে সেবা প্রদান সম্ভব হয় না। এজন্য এ কার্যালয়ের প্রতিটি শাখা ও ভারপ্রাপ্ত কর্মকর্তার অফিস কক্ষে তার শাখা সংশ্লিষ্ট সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ড প্রদর্শনের ব্যবস্থা গ্রহন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতি শাখা ও ভারপ্রাপ্ত কর্মকর্তার অফিস কক্ষে তার শাখা সংশ্লিষ্ট সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডে প্রদর্শনের সুপারিশ করা হলো। | নেজারত ডেপুটি কালেক্টর ও সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর |



Scanned with CamScanner

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১২/২১

মোঃ নাদিম সারওয়ার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নাটোর

স্মারক নম্বর : ০৫.৪৩.৬৯০০.০০৬.৩২.০০১.২১. ১৭৬০

তারিখ : ০৮ পৌষ, ১৪২৮
২৩ ডিসেম্বর, ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
২। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)/সার্বিক/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর।
৩। সহকারী কমিশনার (সকল শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।
৪। সহকারী কমিশনার(গোপনীয়)। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।
৬। ......................................................।

২৩/১২/২১

(খালিদ হাসান)
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
টেলিফোন:+৮৮ ০২৫৮৮৮৭২২৮৭

Scanned with CamScanner